

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১, ১৯৯৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১৬ই শ্রাবণ, ১৪০৩ বাং/ ৩১শে জুলাই, ১৯৯৬ ইং।

এস, আর, ও নং ১৪৩-আইন/৯৬/—Gur, Sugar and Sugar Products (Manufacture and Movements) control order, 1956-এর Paragraph 6 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এই মর্মে নির্দিষ্ট করিল যে, কোন ব্যক্তি ১৬ই শ্রাবণ, ১৪০৩ বাং মোতাবেক ৩১শে জুলাই, ১৯৯৬ ইং তারিখ হইতে ১৮ই জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং মোতাবেক ৩১শে মে, ১৯৯৭ ইং তারিখ পর্যন্ত সময়কালের মধ্যে অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৬২- আইন/ ৯৪, তারিখ ১৫ই ভাদ্র, ১৪০১ বাং মোতাবেক ৩০শে আগস্ট, ১৯৯৪ ইং এবং এস, আর, ও নং ১৯-আইন/ ৯৫, তারিখ ২২শে মাঘ, ১৪০১ বাং মোতাবেক ৪ঠা ফেব্রুয়ারী, ১৯৯৫ ইং দ্বারা ঘোষিত আখ এলাকায় অবস্থিত চিনি কারখানা ব্যতিরেকে অন্য কোনভাবে চিনি বা গুড় উৎপাদন করার যন্ত্রপাতি ব্যবহার করিতে পারিবেন না এবং এতদুদ্দেশ্যে সেইরূপ যন্ত্রপাতি ক্রয় বা ভাড়াই অর্জন করিতে পারিবেন না।

২। শিল্প মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন নং এস, এর, ও, ২৮৬-আইন/৮৯, তারিখ ৪ ৩০শে শ্রাবণ, ১৩৯৬ বাং মোতাবেক ১৪ই আগস্ট, ১৯৮৯ ইং এর বিরুদ্ধে যে সকল ব্যক্তি মামলা দায়ের করিয়াছেন এবং উল্লিখিত প্রজ্ঞাপনের কার্যকরতার উপর স্থগিতাদেশ লাভ করিয়াছেন তাহাদের ক্ষেত্রে অত্র প্রজ্ঞাপনের কোন কিছুই প্রযোজ্য হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

জেড, ডব্লিউ, এস, কাদের
উপ-সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
মোঃ আতোয়ার রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(১০২১৫)

মূল্য ৪ টাকা ১.০০